

## ■ সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ১৬৫৮

২৫/ জিহাদের ফয়লত (كتاب فضائل الجهاد عن رسول الله ﷺ)

পরিচ্ছেদঃ সর্বোত্তম ব্যক্তি কে?

بَابٌ مَا جَاءَ أَئِيُّ النَّاسِ خَيْرٌ

আরবী

حَدَّثَنَا قَتِيبَةُ، حَدَّثَنَا أَبْنُ لَهِيَعَةَ، عَنْ بُكَيْرِ بْنِ عَبْدِ اللَّهِ بْنِ الْأَشْجَ، عَنْ عَطَاءِ بْنِ يَسَارٍ، عَنْ أَبْنِ عَبَّاسٍ، أَنَّ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ "أَلَا أَخْبُرُكُمْ بِخَيْرِ النَّاسِ رَجُلٌ مُّمْسِكٌ بِعِنَانِ فَرَسِهِ فِي سَبِيلِ اللَّهِ أَلَا أَخْبُرُكُمْ بِالَّذِي يَتَلَوُهُ رَجُلٌ مُّعْتَزِلٌ فِي غُنْيَمَةٍ لَهُ يُؤْدِي حَقَّ اللَّهِ فِيهَا أَلَا أَخْبُرُكُمْ بِشَرِّ النَّاسِ رَجُلٌ يُسَأَلُ بِاللَّهِ وَلَا يُعْطَى بِهِ" . قَالَ أَبُو عِيسَى هَذَا حَدِيثٌ حَسَنٌ غَرِيبٌ مِنْ هَذَا الْوَجْهِ وَيُرْوَى هَذَا الْحَدِيثُ مِنْ غَيْرِ وَجْهٍ عَنْ أَبْنِ عَبَّاسٍ عَنِ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ .

বাংলা

১৬৫৮। কুতায়বা (রহঃ) ... ইবনু আবুস রাদিয়ান্নাহ আনছ থেকে বর্ণিত যে, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, সর্বোত্তম ব্যক্তি সম্পর্কে কি আমি তোমাদের অবহিত করবো না? সে হলো এমন এক ব্যক্তি যে আল্লাহর পথে তার ঘোড়ার লাগাম ধরে তৈরী থাকে। আমি কি তোমাদেরকে এর পরবর্তী লোকটি সম্পর্কে অবহিত করব? এ হলো সেই ব্যক্তি যে কিছু বকরী নিয়ে জন সমাগম থেকে দূরে অবস্থান করে আর এতে আল্লাহর নির্ধারিত হকসমূহ (যাকাত-সাদাকা) আদায় করে। তোমাদের কে কি নিকৃষ্ট লোকটি সম্পর্কে অবহিত করব? সে হলো এমন ব্যক্তি যার কাছে আল্লাহর ওয়াসীলা দিয়ে যাঞ্ছা করা হয় কিন্তু এরও সে কিছু দান করে না। সহীহ, সহীহাহ ২৫৫, তালীকুর রাগীব ২/১৭৩, তিরমিজী হাদিস নম্বরঃ ১৬৫২ [আল মাদানী প্রকাশনী]

এই সূত্রে হাদীসটি হাসান-গারীব। এই হাদীসটি ইবনু আবুস-নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সূত্রে একাধিক ভাবে বর্ণিত আছে।

## English

Narrated Ibn 'Abbas:

That the Prophet ﷺ said: "Shall I not inform you of the best of the people ? A man who takes hold of the reins of his horse in Allah's cause. Shall I not inform you of the one who comes after him ? The man who secludes himself from the people with a small group of sheep of his, thereby fulfilling Allah's right. Shall I not inform you about the worst of the people ? A man who is asked by (the Name of) Allah, but not given by Him."

[Abu 'Eisa said:] This Hadith is Hasan Gharib from this route. This Hadith has been reported through other routes from Ibn 'Abbas, from the Prophet ﷺ.

হাদিসের মান: সহিহ (Sahih) পুঁজিরীক্ষিত

পাবলিশার: ইসলামিক ফাউন্ডেশন □ বর্ণনাকারী: আবদুল্লাহ ইবনু আবুরাস (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=22167>

 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন